15

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 01 JUL 1997
পৃষ্ঠা ৪ কলাম ৬

## ঢাকা বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরীর পরিবেশ

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় লাইব্রেরী এই বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পড়ালেখার অন্যতম প্রধান স্থান। এত বড় বইয়ের সংগ্রহ বাংলাদেশের আর কোন লাইব্রেরীতে আছে কিনা সন্দেহ। পড়াশুনার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ইহাকে কিছুদিন আগে শীতাতপ নিয়ন্ত্রিত করা হইয়াছে। কিন্তু দুঃখজনক হইলেও সত্য যে, বর্তমানে এখানে লেখাপড়ার পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হইতেছে। কিছুসংখ্যক ছাত্রনামধারী আড্ডাবাজ এখানে আসিয়া পড়ালেখার পরিবর্তে উচ্চৈস্বরে কথা বলে গল্প-গুজবে মাতিয়া উঠে। অবস্থা দৃষ্টে মনে হয় যেন ইহা লাইব্রেরী নয়, প্রেমের অভয়ারণ্য। লাইব্রেরীর বিশৃংখল পরিবেশ দেখিয়া ধারণা হয় এখানে কাহারও কোন নিয়ন্ত্রণ নাই। কর্মকর্তা-কর্মচারী যাহারা আছেন তাহারা শুধু পরিচয়পত্র দেখা ও বই পাহারা দেওয়াতেই ব্যস্ত। লাইব্রেরীর সুষ্ঠু পড়ালেখার পরিবেশ ফিরাইয়া আনার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

—আবদুল্লাহ, পলাশ; স্যার, এ, এফ, রহমান হল, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।